



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd. Fax: 58616681, 58617908, 58617908, 9615576



স্মারক নম্বর: ৩৭.১৬.০০০০.০০৬.২৩.০০১.২০-৮৮

তারিখ: ১২ মাঘ ১৪২৭ বং  
২৬ জানুয়ারি ২০২০ খ্রি:

**বিষয়:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অত্র বোর্ডের আওতাধীন এমপিও ও ননএমপিও মাদ্রাসা সমূহের গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন প্রসঙ্গে

**সূত্র:** কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪২.২৩.০৩৫.১৯-১৬, তারিখ: ২৪ জানুয়ারি, ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে অত্র বোর্ডের আওতাধীন মাদ্রাসা সমূহের নিম্নবর্ণিত গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।


## ১. শিক্ষা প্রতিষ্ঠানে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনঃ

আগামী ০১/০৩/২০২১ তারিখের মধ্যে অত্র বোর্ডের আওতাধীন সকল এমপিও ও ননএমপিও মাদ্রাসায় বঙ্গবন্ধু কর্ণার স্থাপন নিশ্চিত করতে হবে। বঙ্গবন্ধু কর্ণারে বঙ্গবন্ধু কর্তৃক লিখিত পুস্তক, বঙ্গবন্ধুর ভাষণের সংকলন, বঙ্গবন্ধু কর্মময় জীবনের উপর লিখিত পুস্তক ও মাননীয় প্রধানমন্ত্রীর লিখিত পুস্তক, বাংলাদেশের ইতিহাস এবং মুক্তিযুদ্ধের স্মৃতিগ্রন্থাবলি ইত্যাদি দিয়ে সাজাতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানের কক্ষে, লাইব্রেরী কক্ষ বা শ্রেণীকক্ষে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা যাবে।

## ২. মুজিববর্ষ পালন উপলক্ষ্যে বৃক্ষরোপনঃ

অত্র বোর্ডের আওতাধীন সকল এমপিও ও ননএমপিও মাদ্রাসায় বঙ্গবন্ধুর জন্মদিন উপলক্ষ্যে আগামী ১৭/০৩/২০২১ তারিখে একযোগে কমপক্ষে ৫টি করে বৃক্ষ রোপন করবে। এ ছাড়া যদি জায়গা থাকে তবে যথাসম্ভব বেশি সংখ্যক বৃক্ষ রোপনের উদ্যোগ গ্রহণ করতে হবে। শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের নিজ নিজ জমিতে বৃক্ষ রোপনে উদ্বুদ্ধ করতে হবে।

এমতাবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল এমপিও ও ননএমপিও মাদ্রাসা উল্লিখিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করে প্রমাণকসহ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে বলা হলো।

  
২৬.০১.২০২০

(মোঃ সিদ্দিকুর রহমান)

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ০২-৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

**প্রাপক:** অধ্যক্ষ/ সুপার ও পরিচালনা কমিটি,

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল এমপিও ও ননএমপিও মাদ্রাসা।

স্মারক নম্বর: ৩৭.১৬.০০০০.০০৬.১৬.০০১.২০-৮৮

তারিখ: ১২ মাঘ ১৪২৭ বং  
২৬ জানুয়ারি ২০২০ খ্রি:

## সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
- ২। প্রোগ্রামার (আইসিটি সেল), বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (প্রতিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও বহল প্রচারের অনুরোধসহ);
- ৩। সদস্যবৃন্দ-গভার্ণিং বডি/ম্যানেজিং কমিটি/ এডহক কমিটি, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সকল মাদ্রাসা;
- ৪। অফিস কপি।